গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

## জেলা পর্যায়ে গঠিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক
কুষ্টিয়া।

তারিখ : ১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ।
স্থান : জেলা প্রশাসক, কুষ্টিয়া এঁর সম্মেলন কক্ষ।
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটির জেলা পর্যায়ের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২২ মে, ২০১৮ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে জেলা পর্যায়ের তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটির সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী প্রতি দুই মাস পর জেলা পর্যায়ে গঠিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া কর্তৃক সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে প্রত্যেকটি দপ্তর/বিভাগ একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীলকারী কর্মকর্তা নিয়োগ করে অফিস আদেশ জারী করবেন এবং স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে 'তথ্য অধিকার' সেবা বক্সে তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং একজন বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে আবেদনকারীকে বিধি মোতাবেক তথ্য সরবরাহ করবেন। | জেলার সকল দপ্তর প্রধান |
| ০২. | তথ্য অধিকার আইন-২০০৯ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল) |
| ০৩. | জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই, সেই সকল দপ্তরে ওয়েব পোর্টাল অতিদ্রুত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং হালনাগাদ শেষে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল) |

| | | |
|---|---|---|
| ০৪ | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিতভাবে আহবান করতে হবে এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়ায় প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৫ | কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের ন্যায় অন্যান্য সকল দপ্তর/সংস্থা/বিভাগকে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা তাদের দপ্তরের ওয়েব পোর্টালে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং লিখিতভাবে অগ্রগতি প্রতিবেদন জানাতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৬ | সভায় জেলা তথ্য অফিসার, কুষ্টিয়াকে তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ ও ট্র্যাকিং সিস্টেম সম্পর্কে জনগণের মাঝে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। অনলাইন ট্র্যাকিং সিস্টেমের ওয়েব অ্যাড্রেস http: //rtitracking.infocom.gov.bd. | জেলা তথ্য অফিসার কুষ্টিয়া |
| ০৭ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে আবেদন করলে এবং আইনগতভাবে কোন বাধা না থাকলে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা (সকল) |
| ০৮ | তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে আবেদন করলে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা (সকল) |
| ০৯ | তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং ও লিফলেটের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। | জেলা তথ্য অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে “তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটির” সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১।৩।২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া।
ফোন : ০২৪৭৭৭-৮২৩০০
dckushtia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫০০০.০০১.৩৯.০০২.২৪. ২৭৫

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ / ১১ মার্চ ২০২৪

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৯। জেলা পর্যায়ের কর্মকর্তা......................................., কুষ্টিয়া।
১০। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া।
১১। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কুষ্টিয়া।
১২। প্রোগ্রামার, জেলা আইসিটি অধিদপ্তর, কুষ্টিয়া। [কার্যবিবরণীটি জেলার ওয়েবপোর্টালে আপলোডের জন্য অনুরোধসহ।]
১৩। অফিস কপি।

১১/৩/২০২৪
জেলা প্রশাসক
কুষ্টিয়া।